উপজেলা পরিষদ কার্যালয়
মঠবাড়ীয়া, পিরোজপুর।

## আগস্ট ২০২১ মাসের উপজেলা পরিষদ মাসিক সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোঃ রিয়াজ উদ্দিন আহমেদ, চেয়ারম্যান, উপজেলা পরিষদ। |
| স্থান | : | উপজেলা পরিষদ সভা কক্ষ। |
| তারিখ ও সময় | : | ৩১ আগস্ট ২০২১, দুপুর ১.০০ টা। |
| উপস্থিতির তালিকা | : | পরিশিষ্ট -'ক' |

সভায় সভাপতি মহোদায় উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। শুরুতেই তিনি উপজেলা নির্বাহী অফিসার মহোদয়কে সভা পরিচালনার অনুরোধ জানান। তৎপ্রেক্ষিতে উপজেলা নির্বাহী অফিসার সভাপতিকে ধন্যবাদ জানিয়ে সভা পরিচালনা শুরু করেন। সভায় নিম্নবর্ণিত আলোচনা হয় এবং সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রমিক | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ১. | গত ১৮ জুলাই ২০২১ তারিখ অনুষ্ঠিত উপজেলা পরিষদের জুলাই ২০২১ মাসের মাসিক সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয়। | পঠিত কার্যবিবরণী ২ নং ক্রমিকে বর্ণিত উপজেলা পরিষদ সুপার মার্কেট অপসারণের বিরুদ্ধে ৯৬/২০২১ নং দেওয়ানী মামলা রুজু হওয়ায় মামলার জবাব বিজ্ঞ কৌশলীর মাধ্যমে দাখিল করার সিদ্ধান্ত গৃহীত হয়। অন্যান্য বিষয়ে কোন আপত্তি না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার, মঠবাড়ীয়া। |
| ২. | উপজেলা কৃষি অফিসার সভায় জানান তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই। | বিভাগীয় কার্যক্রমে শতভাগ জনসেবা নিশ্চিত করার জন্য উপজেলা কৃষি অফিসার, মঠবাড়িয়াকে অনুরোধ জানানো হয়। | উপজেলা কৃষি অফিসার, মঠবাড়ীয়া। |
| ৩. | উপজেলা প্রাণিসমৃপদ অফিসার সভায় জানান,তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই। | বিভাগীয় কার্যক্রমে শতভাগ জনসেবা নিশ্চিত করার জন্য উপজেলা প্রাণিসম্পদ অফিসার, মঠবাড়িয়া কে অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রাণি সম্পদ অফিসার, মঠবাড়ীয়া। |
| ৪. | (ক) উপজেলা প্রকৌশলী এলজিইডি সভায় উপস্থিত না থাকায় তাঁর প্রতিনিধি জানান, অত্র উপজেলার ২০২১-২০২২ ইং অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচির (এডিপি) আওতায় ১ম কিস্তি বাবদ ২২.৭০ লক্ষ টাকা বরাদ্ধ পাওয়া গিয়াছে।ধারনা করা যাচ্ছে যে, অত্র উপজেলাতে প্রতি কিস্তিতেই গড়ে ২২.৭০ লক্ষ টাকা হারে বরাদ্দ পাওয়া যাবে। সেই অনুযায়ী ২০২১-২০২২ ইং অর্থ বছরে ১ম, ২য়, ৩য় ও ৪র্থ কিস্তিতে মোট ৯০.৮০ লক্ষ টাকা বরাদ্দ পাওয়ার সম্ভাবনা আছে। যে কারনে অত্র উপজেলায় ৯০.৮০ লক্ষ টাকার অগ্রিম প্রকল্প গ্রহণের জন্য সভায় পেশ করা হয়। | উপস্থাপিত প্রস্তাব সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয় এবং এবং এডিপি হতে বাস্তবায়ন যোগ্য প্রকল্প সমুহের তালিকা আগামী ১৫/০৯/২০২১ তারিখের মধ্যে উপজেলা প্রকৌশলী এলজিইডি এর দপ্তরে দাখিল কারার জন্য সিদ্ধান্ত গ্রহন করা হয়। | উপজেলা প্রকৌশলী, এলজিইডি, মঠবাড়ীয়া। |
| | (খ) উপজেলা প্রকৌশলীর প্রতিনিধি সভায় আরও জানান, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় বাস্তবায়িত " আইএনএফ-২০১৮-২০১৯-১০৭৯৫৮-০১" ( জলাবদ্ধতা দুরিকরনে এবং পানি ও পয়ঃনিস্কাশন সুবিধা নিশ্চিতকল্পে সাপলেজা বাজার সংলগ্ন কমিউনিটিতে ড্রেন নির্মান ও জে.কে.এইচ. মডেল মাধ্যমিক বিদ্যালয়ের গভীর নলকূপ স্থাপন) অবকাঠামো উন্নয়ন উপপ্রকল্প মান সম্মতভাবে বাস্তবায়ন সম্পন্ন হয়েছে। তিনি উক্ত অবকাঠামো উন্নয়ন উপপ্রকল্পের অনুকুলে মেসার্স মানিবুর রহমান এর দাখিলকৃত ২৮,৬৬,০৭৯.০০ (আঠাশ লক্ষ ছিষট্টি হাজার উনআশি টাকা) অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়। | বিস্তারিত আলোচনান্তে অবকাঠামো উন্নয়ন উপ প্রকল্পের অনুকুলে মোসার্স মানিবুর রহমান এর দাখিলকৃত ২৮,৬৬,০৭৯.০০ ( আঠাশ লক্ষ ছিষট্টি হাজার উনআশি টাকা) সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয় এবং উক্ত বিলের যাবতীয় প্রয়োজনীয় তথ্যাদিসহ প্রকল্প ব্যবস্থাপনা ইউনিট ঢাকায় প্রেরণের সিদ্ধান্ত সভায় গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, এলজিইডি, মঠবাড়ীয়া। |

| | | | |
|---|---|---|---|
| | প্রস্তাব করেন। তিনি আরো জানান পিএ জনাব মুরাদ হোসেন উ জেলা পরিষদ চেয়ারম্যানের বাস ভবনের পানির লাইন মেরামত ও বৈদ্যুতিক মালামাল ক্রয় করে ১৬৮৯০/- টাকার ব্যয় ভাউচার দাখিল করেন এবং উপজেলা পরিষদ চেয়ারম্যানের দপ্তরের অফিস সরঞ্জাম বাবদ একটি স্টিলের আলমারী, একটি শোকেজ ও একটি টেবিল রাজস্ব তহবিল হতে ক্রয়ের জন্য সভায় প্রস্তাব করেন। তিনি সভায় বন্যায় ক্ষতিগ্রস্থ জনগুরুত্ব বিবেচনায় নিম্নেবর্ণিত প্রকল্প ২টি যথাক্রমে (১) ধানীসাফা ৬ নং ওয়ার্ডের সরকারী পুকুর থেকে সৈয়দ খানের বাড়ী পর্যন্তরাস্তা ইট সলিং প্রকল্পটি উপজেলা পরিষদ রাজস্ব উন্নয়ন খাত হতে এবং (২) উপজেলা পরিষদের সন্ধানী ভবনের মূ ল ফটক পণঃ নির্মান প্রকল্পটি উপজেলা পরিষদ রাজস্ব তহবিল খাত হতে বাস্তবায়নের জন্য পেশ করেন। | উত্তোলনের প্রস্তাব সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীথ হয়।<br><br>(খ) পিএ জনাব মুরাদ হোসেন উপজেলা পরিষদ চেয়ারম্যানের বাস ভবনের পানির লাইন মেরামত ও বৈদ্যুতিক মালামাল ক্রয়ের ব্যয়িত ১৬৮৯০/- টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়।<br><br>(গ) উপজেলা পরিষদ চেয়ারম্যানের দপ্তরের অফিস সরঞ্জাম বাবদ একটি স্টিলের আলমারী, একটি শোকেজ ও একটি টেবিল ক্রয় নিম্নেবর্ণিত প্রকল্প কমিটির মাধ্যমে রাজস্ব তহবিল পরিশোধের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়।<br>সম্ভাব্য প্রকল্প ব্যয়ঃ ১,০০,০০০/- টাকা।<br>প্রকল্প কমটি<br>১। চেয়ারম্যান, সাপলেজা ইউপি- সভাপতি<br>২। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা.- সদস্য<br>৩। উপজেলা সমবায় কর্মকর্তা- সদস্য<br>৪। প্রশাসনিক কর্মকর্তা, ইউএনও অফিস-সদস্য<br>৫। পিএ টু চেয়ারম্যান, উপজেলা পরিষদ-সদস্য<br><br>(ঘ) বন্যায় ক্ষতিগ্রস্থ ও জনগুরুত্ব বিবেচনায় নিম্নেবর্ণিত (১) নং ক্রমিকের প্রকল্পটি উপজেলা পরিষদ রাজস্ব উন্নয়ন খাত হতে এবং (২) উপজেলা পরিষদের সন্ধানী ভবনের মূল ফটক পণঃ নির্মান প্রকল্পটি উপজেলা পরিষদ রাজস্ব খাত হতে বাস্তবায়নের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়।<br><br>(১) ধানীসাফা ৬ নং ওয়ার্ডের সরকারী পুকুর থেকে সৈয়দ খানের বাড়ী পর্যন্তরাস্তা ইট সলিং প্রকল্প।<br>সম্ভাব্য প্রকল্প ব্যয়ঃ ২,০০,০০০/- টাকা।<br>প্রকল্প কমটি<br>১। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ - সভাপতি<br>২। জনাব প্রিন্স রায়, গণ্যমান্য .- সদস্য<br>৩। জনাব রাসেল জোমাদ্দার- গণ্যমান্য - সদস্য<br>৪। জনাব প্রণয় হালদার, সমাজসেবক -সদস্য<br>৫। জনাব আক্তারুজ্জআমান নিজাম- সদস্য সচিব।<br>(২) উপজেলা পরিষদের সন্ধানী ভবনের মূল ফটক পণঃ নির্মান প্রকল্প।<br>সম্ভাব্য প্রকল্প ব্যয়ঃ ২,০০,০০০/- টাকা<br>১। জনাব মোঃ মিরাজ মিয়া, চেয়ারম্যান,সাপলেজা ইউপি- সভাপতি<br>২। জনাব শাকিব , গণ্যমান্য .- সদস্য<br>৩। জনাব শফিক ফরাজী- গণ্যমান্য - সদস্য<br>৪। জনাব ডাঃ মাসুম, সমাজসেবক -সদস্য<br>৫। জনাব আল আমিন, গণ্যমান্য- সদস্য সচিব। | |

| | | | |
|---|---|---|---|
| ১০. | চেয়ারম্যান, ধানীসাফা এর প্রতিনিধি জানান তাঁর ইউনিয়নের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরো জানান এ মাসে ধানীসাফা ইউনিয়নে সরকারীভাবে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের মাধ্যমে ২৫ বছরের উর্ধ্বের বয়সের প্রায় ২ হাজার লোকের করোনা প্রতিরোধের প্রথম ডোজ টীকা প্রদান করা হয়েছে। | সরকারী নির্দেশনা অনুযায়ী টীকা প্রদানের কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | চেয়ারম্যান, ধানীসাফা,ইউনিয়ন পরিষদ। |
| ১১. | চেয়ারম্যান, মিরুখালী জানান তাঁর ইউনিয়নের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরো জানান তাঁর ইউনিয়ন পরিষদে ইউপি সচিব না থাকায় একজন ইউপি সচিব নিয়োগ প্রদানের জন্য উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের সদয় দৃষ্টি আকর্ষণ করেন। | মিরুখালী ইউনিয়নে একজন ইউপি সচিব নিয়োগ প্রদানের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপপরিচালক, স্থানীয় সরকার জেলা প্রশাসকের কার্যালয়, পিরোজপুর বরাবর যোগাগের জন্য অনুরোধ করা হলো। | চেয়ারম্যান, মিরুখালী,ইউনিয়ন পরিষদ। |
| ১২. | চেয়ারম্যান, দাউদখালীর প্রতিনিধি জানান তাঁর ইউনিয়নের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | পরবর্তী সভাসমূহে নিয়মিত উপস্থিত থাকার জন্য চেয়ারম্যানকে অনুরোধ করা হলো। | চেয়ারম্যান, দাউদখালী,ইউনিয়ন পরিষদ। |
| ১৩. | উপজেলা পরিষদ মহিলা ভাইস চেয়ারম্যান সভায় জানান, সরকারী প্রাথমিক বিদ্যালয়সমূহে প্রতিবছর ক্ষুদ্রমেরামতের বরাদ্দ প্রদান করা হয়। অধিকাংশ সময় লক্ষ্য করা যায় যে একই বিদ্যালয় একাধিকবার বরাদ্দ পায় কিন্ত অনেক বিদ্যালয় মেরামতের প্রয়োজন থাকা সত্বেও কোন বরাদ্দ প্রদান কার হয়না। খুদ্র মেরামতের ক্ষেত্রে যাতে দ্বৈততা (ওভার ল্যাপিং) না হয় এ বিষয়ে উপজেলা শিক্ষা অফিসারের দৃষ্টি আকর্ষণ করা হয়। তিনি বিআরডিবি অফিসের কোন কার্যক্রমে তাঁকে অবহিত না করার বিষয়ে উল্লেখ করেন। | পরবর্তীতে এ বিষয়ে সরকারী বিধিবিধান অনুস্বরনপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা শিক্ষা অফিসার ও উপজেলা বিআরডিবি অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা শিক্ষা অফিসার ও উপজেলা বিআরডিবি অফিসার |
| ১৪ | (ক) উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান, আলোচ্য সভায় যে সকল সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে সে সকল সিদ্ধান্ত বাস্তবায়নে সকলের সহযোগীতা কামনা করেন। তিনি বলেন সরকার কর্তৃক প্রদত্ত ভাতাসমূহ যথা সময়ে বিতরণ করা না হলে সবচেয়ে বেশী দুর্নাম হয় সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের। আশ্রায়ণ প্রকল্পের বাস্তবায়ন কমিটির সম্মানিত সদস্যদের প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে নিজস্ব নজরদারি জোরদার করার জন্য অনুরোধ করেন। উপজেলা নির্বাহী অফিসার সভায় আরো জানান যে, গত ৫ আগস্ট জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জ্যেষ্ঠ পুত্র বীর মুক্তিযোদ্ধা শহিদ ক্যাপ্টেন শেখ কামাল এর ৭২ তম জন্মবার্ষিকী মঠবাড়ীয়া উপজেলায় যথাযোগ্য মর্যাদার সাথে পালন করা হয়েছে। উক্ত অনুষ্ঠানের বিভিন্ন কর্মসূচি পালনে ৩০,০০০/- টাকা ব্যয় হয়েছে। সরকারী কোন বরাদ্দ না থাকায় ব্যয়িত টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য প্রস্তাব করা হয়। তিনি আরো জানান, উপজেলা পরিষদের আবাসিক ভবনে অফিসারদের কোয়াটারটি আশু মেরামতের প্রয়োজন বিধায় উহা জরুরি ভিত্তিতে মেরামতের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করেন। উপরোক্ত বিষয়সমূহে বিস্তারিত আলোচনা হয়েছে। | আলোচ্য সভায় যে সকল সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে সে সকল সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতির বিষয়ে আগামী সভায় বিস্তারিত প্রতিবেদন উপস্থাপন করার জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাদের অনুরোধ জানান হয়। করেন। সরকার কর্তৃক প্রদত্ত ভাতাসমূহ যথা সময়ে বিতরণ করার জন্য সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানদের সহযোগীতা কামনা করা হয়।। আশ্রায়ণ প্রকল্পের বাস্তবায়ন কমিটির সম্মানিত সদস্যদের প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে নিজস্ব নজরদারি জোরদার করার জন্য অনুরোধ করা হয়। গত ৫ আগস্ট জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জ্যেষ্ঠ পুত্র বীর মুক্তিযোদ্ধা শহিদ ক্যাপ্টেন শেখ কামাল এর ৭২ তম জন্মবার্ষিকী মঠবাড়ীয়া উপজেলায় যথাযোগ্য মর্যাদার সাথে পালন অনুষ্ঠানের ব্যয়িত ৩০,০০০/- টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। উপজেলা পরিষদের আবাসিক ভবনে অফিসারদের কোয়াটারটি জরুরি ভিত্তিতে মেরামতের জন্য উপজেলা প্রকৌশলী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী, এলজিইডি, মঠবাড়ীয়া। |
| ১৫ | ভাইস চেয়ারম্যান জনাব আরিফুর রহমান সিফাত সভায় জানান যে, বিভিন্ন দপ্তরের কার্যক্রমে অনেক সময় জনপ্রতিনিধিদের কিছু কিছু সুপারিশ থাকে কিন্তু সরকারী পরিপত্র অনুযায়ী সেগুলো বাস্তবায়ন করেন না। আবার সরকার কর্তৃক বিভিন্ন সময়ে বিভিন্ন ভাতা/ প্রণোদনা দিয়ে থাকে সেগুলো তালিকাভূক্ত করণ বা বিতরণের পূর্বে সংশ্লিষ্ট দপ্তরের কর্মকর্তার সাথে আলোচনা করে নিলে ভালো হয় | সরকার কর্তৃক বিভিন্ন সময়ে বিভিন্ন ভাতা/ প্রণোদনা বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে তালিকাভূক্ত করণ বা বিতরণের পূর্বে সংশ্লিষ্ট দপ্তরের কর্মকর্তার সাথে আলোচনা করে নেওয়ার জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাদের অনুরোধ করা হয়। । | উপজেলা পর্যায়ের সকল দপ্তর প্রধান। |
| ১৬ | সভাপতি তথা উপজেলা পরিষদ চেয়ারম্যান উপজেলা পরিষদের সরকারী জীপগাড়ী মেরামতের জন্য উপজেলা পরিষদ রাজস্ব তহবিল মেরমত ও রক্ষণাবেক্ষণ খাত হতে ৫০,০০০/- টাকা উত্তোলনের | ক) উপজেলা পরিষদের সরকারী জীপগাড়ী মেরামতের জন্য উপজেলা পরিষদ রাজস্ব তহবিল মেরমত ও রক্ষণাবেক্ষণ খাত হতে ৫০,০০০/- টাকা | উপজেলা প্রকৌশলী, মঠবাড়ীয়া। |

| | | | |
|---|---|---|---|
| | (গ) উপজেলা প্রকৌশলী সভায় আরও জানান, করোনা ভাইরাসের (কোভিড-১৯) বিস্তাররোধকল্পে প্রতিরোধকমূলক ব্যবস্থা (মাস্ক, হ্যান্ড স্যানিটাইজার, এ্যান্টিসেপটিক সাবান, পালস অক্সিমিটার, অক্সিজেন সিলিন্ডার, থার্মালস্কানার ইত্যাদি) বিনামূল্যে বিতরন/সেবা প্রদানের জন্য অত্র মঠবাড়িয়া উপজেলার জন্য ২০২০-২০২১ অর্থ বছরে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়ের স্থানীয় সরকার বিভাগের উপজেলা-২ শাখার ১৬/০৮/২০২১ তারিখের ৪৬.০০.০০০০.০৪৫.২০.০০৪.২১-৪৫৪ নং স্মারকে বার্ষিক উন্নয়ন সহায়তা কর্মসূচি (এডিপি) খাতের আওতায় ৪ (চার) লক্ষ টাকা বরাদ্দ পাওয়া গেছে। উক্ত বরাদ্দ হতে মালামাল ক্রয় পূর্বক উহা বিতরনের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়েছে। | প্রাপ্ত বরাদ্দ থেকে ২টি প্রকল্প কমিটির মাধ্যমে তিন স্তর বিশিষ্ট মাস্ক ও হ্যান্ড স্যানিটাইজার ক্রয়ের সিদ্ধান্ত গৃহীত হয়। প্রস্তাবিত প্রকল্পদুটি নিম্নরুপঃ<br>(ক) করোনা ভাইরাসের (কোভিড-১৯) বিস্তাররোধকল্পে প্রতিরোধকমূলক ব্যবস্থা গ্রহণের জন্য মাস্ক ও হ্যান্ড স্যানিটাইজার ক্রয় প্রকল্প (১)।<br>সম্ভাব্য ব্যয়ঃ ২,০০,০০০/- টাকা।<br>প্রকল্প কমিটিঃ<br>১। চেয়ারম্যান, তুষখালী ইউপি সদস্য -সভাপতি<br>২। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা- সদস্য<br>৩। উপজেলা সমবায় অফিসার- সদস্য<br>৪। ইমাম, উপজেলা পরিষদ জামে মসজিদ-সদস্য।<br>৫। প্রশাসনিক অফিসার, ইউএন ও অফিস- সদস্য সচিব।<br>(খ) করোনা ভাইরাসের (কোভিড-১৯) বিস্তাররোধকল্পে প্রতিরোধকমূলক ব্যবস্থা গ্রহণের জন্য মাস্ক ও হ্যান্ড স্যানিটাইজার ক্রয় প্রকল্প (২)।<br>সম্ভাব্য ব্যয়ঃ ২,০০,০০০/- টাকা।<br>প্রকল্প কমিটিঃ<br>১।চেয়ারম্যান,বেতমোর রাজপাড়া ইউপি- সভাপতি<br>২। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা- সদস্য<br>৩। উপজেলা সমবায় অফিসার- সদস্য<br>৪। ইমাম, উপজেলা পরিষদ জামে মসজিদ-সদস্য।<br>৫। উপজেলা কো-অর্ডিনেটর, ইউজিডিপি - সদস্য সচিব। | উপজেলা প্রকৌশলী, এলজিইডি, মঠবাড়ীয়া। |
| ৫. | উপজেলা মহিলা বিষয়ক অফিসার, মঠবাড়ীয়া, পিরোজপুর সভায় জানান,তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই। | বিভাগীয় কার্যক্রমে শতভাগ জনসেবা নিশ্চিত করার জন্য উপজেলা মহিলা বিষয়ক অফিসার, মঠবাড়িয়া কে অনুরোধ জানানো হয়। | উপজেলা নির্বাহী অফিসার, মঠবাড়ীয়া। |
| ৬. | উপজেলা আনসার ও ভিডিপি অফিসার, মঠবাড়িয়া, পিরোজপুর সভায় জানান, উপজেলা নির্বাহী অফিসার মহোদয় এবং তাঁর বাসভবনের নিরাপত্তায় নিয়োজিত আনসারদের ব্যারাক নির্মাণের স্থান নির্বাচনের প্রস্তাব করেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | আনসারদের ব্যারাক নির্মাণের জন্য উপজেলা নির্বাহী অফিসার জরুরি ভিত্তিতে দরপত্র আহবানের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকৌশলী, মঠবাড়ীয়া। |
| ৭. | উপজেলা মৎস অফিসার সভায় জানান, ২৮/০৮/২০২১ তারিখ হতে ০৩/০৯/২০২১ তারিখ পর্যন্ত মৎস সপ্তাহ পালন চলমান রয়েছে। তিনি আরো জানান চলতি ২০২১-২০২২ অর্থ বছরে সরকারীভাবে ১ লক্ষ ১৬ হাজার টাকার সরকারী জলাশয়ে পোনা বিতরণের জন্য বরাদ্দ পাওয়া গেছে। | উপজেলা ও ইউনিয়ন পর্য়ায়ের সরকারী পুকুরের তালিকা করে উন্নতমানের পোনা ক্রয়ের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মৎস অফিসার, মঠবাড়ীয়া। |
| ৮. | উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তবে ভাতা বিতরণের ক্ষেত্রে সংশ্লিষ্ট সকলের কাঙ্খিত সহযোগিতা পাওয়া যাচ্ছে না। ফলে শতভাগ জনসেবা নিশ্চিত করা যাচ্ছে না। | ভাতা বিতরণের ক্ষেত্রে উপজেলা সমাজসেবা অফিসার, মঠবাড়িয়াকে প্রয়োজনীয় সহায়তা প্রদানের জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের অনুরোধ করা হয়। | উপজেলা সমাজসেবা অফিসার, মঠবাড়ীয়া। |
| ৯. | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার সভায় জানান, গভীর সমুদ্রে থাকা জেলেদের জন্য মৎস ভিজিএফ হিসেবে প্রাপ্ত চাল প্রতি ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানের অনুকূলে উপ বরাদ্দ দেয়া হয়েছে। বরাদ্দকৃত চাল জেলেদের মাঝে বিতরণের কার্যক্রম চলমান। তিনি আরো জানান মুজিব বর্ষ উপলক্ষে আশ্রায়ণ প্রকল্পের আওতায় নির্মানাধীন ঘরের কাজ নিয়মিত পরিদর্শন করা হচ্ছে। | গভীর সমুদ্রে থাকা জেলেদের জন্য মৎস্য ভিজিএফ হিসেবে প্রাপ্ত চাল সঠিকভাবে বিতরনের জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের অনুরোধ জানানো হয়। তিনি আরো জানান মুজিব বর্ষ উপলক্ষে আশ্রায়ণ প্রকল্পের আওতায় নির্মানাধীন ঘরের কাজ নিয়মিত পরিদর্শনপূর্বক সাপ্তাহিক প্রতিবেদন উপজেলা নির্বাহী অফিসার বরাবরে দাখিল করার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, মঠবাড়ীয়া। |

পরিশেষে সভাপতি সভায় যে সকল সদস্য অনুপস্থিত রয়েছেন তাদের পরবর্তী সভাসমূহে নিয়মিত উপস্থিত থাকার অনুরোধ জানান। অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ রিয়াজ উদ্দিন আহমেদ
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
মঠবাড়ীয়া, পিরোজপুর।

স্মারক নং-০৫.১০.৭৯৫৮.০০০.০০.০০০.২১- ৮৭৯ তারিখঃ ৩১ আগস্ট ২০২১ খ্রিস্টাব্দ।

অনুলিপিঃ

১. মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১২৯, পিরোজপুর-৩( সদয় জ্ঞাতার্থে)।
২. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ( সদয় জ্ঞাতার্থে)।
৩. জেলা প্রশাসক, পিরোজপুর ( সদয় জ্ঞাতার্থে)।
৪. উপ-পরিচালক, স্থানীয় সরকার, পিরোজপুর ( সদয় জ্ঞাতার্থে)।
৫. মেয়র, মঠবাড়ীয়া, পৌরসভা, পিরোজপুর।
৬. ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মঠবাড়ীয়া, পিরোজপুর।
৭. মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মঠবাড়ীয়া, পিরোজপুর।
৮. উপজেলা ..............................................................কর্মকর্তা, মঠবাড়ীয়া, পিরোজপুর।
৯. চেয়ারম্যান(সকল)......................................... ইউনিয়ন পরিষদ, মঠবাড়ীয়া, পিরোজপুর।
১০. জনাব .............................................................................
..............................................................................মঠবাড়ীয়া, পিরোজপুর।
১১. অফিস কপি।

বশির আহমেদ
উপজেলা নির্বাহী অফিসার( অঃ দাঃ)
মঠবাড়ীয়া, পিরোজপুর।